



সব ভোটকেন্দ্রে সিসিটিভি বসানোর আশ্বাস প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে স্বচ্ছ ও গ্রহণযোগ্য করতে দেশের প্রতিটি ভোটকেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপনের আশ্বাস দিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

আজ রোববার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে তিনি এই প্রতিশ্রুতি দেন।

ডা. শফিকুর রহমানের নেতৃত্বে চার সদস্যের প্রতিনিধিদলে ছিলেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, সহকারী সেক্রেটারি জেনারেল রফিকুল ইসলাম খান এবং নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের।

বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে ডা. তাহের নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, একটি নির্দিষ্ট রাজনৈতিক পক্ষের চাপে বাতিল মনোনয়ন বৈধ করার চেষ্টা চলছে। একই সঙ্গে অভিযোগ করেন, কিছু উপদেষ্টা প্রধান উপদেষ্টাকে বিভ্রান্ত করছেন, যা সুষ্ঠু নির্বাচনের পথে বাধা সৃষ্টি করছে।

তবে তিনি জানান, প্রধান উপদেষ্টা নির্বাচনের স্বচ্ছতা নিশ্চিত করতে সব কেন্দ্রে সিসিটিভি স্থাপনের বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করছেন এবং এ বিষয়ে স্পষ্ট আশ্বাস দিয়েছেন।